যুগান্তর

তারিখ ... 25 MAY 2010 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ......

# এবার উচ্চ মাধ্যমিকে পৌনে দু'লাখ আসন শূন্য থাকবে

যুগান্তর রিপোর্ট

এবার উচ্চ মাধ্যমিক স্তরে সারাদেশে প্রায় পৌনে ২ লাখ আসন শূন্য থাকবে। এ তথ্য শিক্ষা মন্ত্রণালয়ের। সূত্র জানিয়েছে বোর্ডগুলোর পক্ষ থেকে মন্ত্রণালয়কে জানানো হয়েছে, সারাদেশে কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে এবার আসন রয়েছে ১১ লাখ ৩৭ হাজার ৫৬৯টি। আর এবার এসএসসি ও সমমানের পরীক্ষায় মোট পাস করেছে ৯ লাখ ৬০ হাজার ৪৯৬ জন। সে হিসাবে পৌনে ২ লাখ আসনে শিক্ষার্থী খুঁজে পাওয়া যাবে না। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সোমবার সাংবাদিকদের বলেন, আসলে আসন কোন সমস্যা নয়। কোন সংকট নেই। সংকট কেবল মানসম্পন্ন শিক্ষা প্রতিষ্ঠানের। এটি

থাকবে : পৃষ্ঠা ১৪ : কলাম ১

## থাকবে : শূন্য

(৩ পৃষ্ঠার পর)

রাতারাতি সমাধান করা সম্ভব নয়। শিক্ষামন্ত্রী বলেন, শিগগিরই ভর্তি নীতিমালা চূড়ান্ত করা হবে। সরকারের নির্দেশিত ভর্তি কার্যক্রম অনুযায়ীই এবারের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে। এদিকে সব বোর্ড থেকে তথ্য সংগ্রহের পর এখন মন্ত্রণালয়-পরবর্তী করণীয় নির্ধারণ করবে। আজ সকালে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরে (মাউশি) বৈঠকে বসছে মন্ত্রণালয়ের কলেজ শাখা। বৈঠকে রাজধানীর সরকারি-বেসরকারি বড় ও মানসম্পন্ন কলেজগুলোর অধ্যক্ষদের আমন্ত্রণ জানানো হয়েছে। এ বৈঠকে কলেজ প্রধানদের কাছে স্ব-স্ব প্রতিষ্ঠানে আসন বাড়ানো যায় কিনা এবং কি পরিমাণ বাড়ানো যায় ইত্যাদি বিষয়ে আলোচনা করা হবে বলে জানা গেছে। এছাড়াও ভর্তির নীতিমালা এবং ভর্তি ফি নির্ধারণ করাসহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হবে বলে সংশ্লিষ্ট সূত্র জানায়।